



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.৯৯.০১৫.১৮- ২৪৬

তারিখ : ২১ ফাল্গুন ১৪২৬
০৫ মার্চ ২০২০

বিষয় : পরামর্শ সভায় অংশগ্রহণের অনুমতি প্রদান সংক্রান্ত।

সূত্র : বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্পের স্মারক নং-৯৭, তারিখ: ২৩/০২/২০২০খ্রি:।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প (২য় পর্যায়) দেশের ৮টি বিভাগের ২৭ টি জেলার ১২৮টি উপজেলার ১০৮০ টি ইউনিয়নে বাস্তবায়িত হচ্ছে। উক্ত প্রকল্প বাংলাদেশের গ্রামীণ জনগোষ্ঠীর বিচারপ্রাপ্তির অভিজ্ঞতা আরো সুগম করার নিমিত্ত গ্রাম আদালতকে অধিকতর সফল, ফলপ্রসূ ও কার্যকরভাবে সক্রিয় করার লক্ষ্যে সারাদেশে অংশীজনদের সাথে মতবিনিময় সম্পন্ন করেছে। গ্রাম আদালতের আইনী কাঠামো পুন: পর্যালোচনাপূর্বক খসড়া প্রস্তাবনা প্রনয়নের জন্য প্রয়োজনীয় টুলস ব্যবহারের মধ্য দিয়ে তথ্য উপাত্ত সংগ্রহও সম্পন্ন হয়েছে। প্রাপ্ত তথ্য উপাত্ত বিশ্লেষণ এবং আইনী কাঠামো পর্যালোচনাপূর্বক খসড়া সংশোধনী চূড়ান্তকরণের উদ্দেশ্যে আগামী ১২ মার্চ ২০২০ তারিখে ঢাকাস্থ বিয়াম মাল্টিপারপাস হল-এ “গ্রাম আদালত এর আইনগত কাঠামো সংস্কার প্রস্তাবনা বিষয়ক জাতীয় পর্যায়ের নীতি-নির্ধারকদের সাথে পরামর্শ” সভা অনুষ্ঠিত হবে। উক্ত পরামর্শ সভায় অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে মনোনয়ন প্রদান করা হয়েছে :

ক্রমিক নং	কর্মকর্তাগণের নাম ও ঠিকানা
০১।	জেলা প্রশাসক, বরগুনা।
০২।	জেলা প্রশাসক, নওগাঁ।
০৩।	উপজেলা নির্বাহী অফিসার, মাদারীপুর সদর, মাদারীপুর।
০৪।	উপজেলা নির্বাহী অফিসার, বিশম্ভরপুর, সুনামগঞ্জ।

০২। মন্ত্রিপরিষদ বিভাগের ১২ মার্চ ২০১২ তারিখের ২১৭নং পরিপত্র অনুযায়ী মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ঢাকায় আয়োজিত কোন সভায় জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারগণের অংশগ্রহণের আবশ্যিকতা থাকলে মন্ত্রিপরিষদ বিভাগের পূর্বসম্মতি প্রয়োজন।

০৩। এমতাবস্থায়, আগামী ১২ মার্চ ২০২০ তারিখ ঢাকাস্থ বিয়াম মাল্টিপারপাস হল-এ “গ্রাম আদালত এর আইনগত কাঠামো সংস্কার প্রস্তাবনা বিষয়ক জাতীয় পর্যায়ের নীতি-নির্ধারকদের সাথে পরামর্শ” সভায় অংশগ্রহণের লক্ষ্যে বর্ণিত জেলা প্রশাসক এবং উপজেলা নির্বাহী অফিসারগণকে অনুমতি প্রদানের জন্য নির্দেশক্রমে সর্বিনয় অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।


(মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী)
উপসচিব
ফোন : ৯৫১৪১৯০

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১. জাতীয় প্রকল্প পরিচালক, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ প্রকল্প (২য় পর্যায়) ও অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. সিনিয়র প্রকল্প সমন্বয়ক, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (২য় পর্যায়) প্রকল্প, আইডিবি ভবন, আগারগাঁও, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. যুগ্মসচিব (ইউপি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. অফিস কপি।